



শিক্ষাপ্রতিষ্ঠানে এক দিনের কর্মসূচি ঘোষণা ছাত্রদলের



সংগৃহীত ছবি

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে এক দিনের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। সংগঠনটির সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এ কর্মসূচির অনুমোদন দিয়েছেন।

শনিবার (১৩ জুন) ছাত্রদলের দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ছাত্রশিবিরের বিরুদ্ধে গুম ও অপহরণ নিয়ে বিভ্রান্তিকর পরিস্থিতি তৈরি, প্রকৃত গুমের শিকার ব্যক্তিদের প্রতি অসম্মান প্রদর্শন, অনলাইনে সংঘবদ্ধভাবে সরকারের বিরুদ্ধে অপপ্রচার এবং নারী নির্যাতন ও ধর্ষণের মতো অপরাধের অভিযোগের প্রতিবাদে এ কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃত্বের নির্দেশনা অনুযায়ী, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানে সংগঠনের নেতাকর্মীরা কর্মসূচিতে অংশ নেবেন। কর্মসূচি সফল করতে সংগঠনের নেতাকর্মীদের সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে।